

গরমে স্বস্তির খোঁজে।। স্কুল থেকে বাড়ি ফিরছে পড়ুয়ারা। বুধবার মৌলানিতে ছবিটি তুলেছেন শুভদীপ শর্মা।

# বেহাল হুসলুরডাঙ্গা হাটের সংস্কার দাবি

বাণীব্রত চক্রবর্তী

**ময়নাগুড়ি, ২৩ এপ্রিল :** গোটা হাট চত্বর জলকাদায় ভরে রয়েছে। কোনও কোনও দোকানের সামনে আবার একহাঁটু জল। ছড়াচ্ছে দুর্গন্ধ। হাট চত্বরে দুটি শৌচাগারের বেহাল অবস্থা। নিকাশি ব্যবস্থা নেই বললেই চলে। নর্দমা ভরাট হয়েছে আবর্জনার স্তূপে। জেলা পরিষদের শেড বেদখল হয়ে গিয়েছে। ময়নাগুড়ি ব্লকের চূড়াভাণ্ডার গ্রাম পঞ্চায়েত এলাকার হুসলুরডাঙ্গা হাটের বর্তমান এমনই হল। ব্যবসায়ী থেকে সাধারণ মানুষ সকলেই ক্ষুব্ধ। জলপাইগুড়ি জেলা পরিষদ নিয়ন্ত্রণাধীন এই হাটে নজর নেই কর্তৃপক্ষের বলে অভিযোগ। জলপাইগুড়ি জেলা পরিষদের সভাধিপতি কৃষ্ণা রায় বর্মন বলেন, এলাকার জেলা পরিষদ সদস্যার সঙ্গে কথাবার্তা বলে পরিস্থিতি খতিয়ে দেখে প্রয়োজনীয় পদক্ষেপ করা হবে।

এখানে স্থায়ী দোকানপাট রয়েছে অন্তত একশোটি। সোমবার এবং বৃহস্পতিবার দু'দিন সাপ্তাহিক হাট বসে। বিস্তীর্ণ এলাকার কৃষিজীবীরা তাঁদের উৎপাদিত পণ্য নিয়ে হাজির হন এই হাটে। বহু বছরের পুরোনো এই হাট। পরিষেবা নিয়ে তীব্র ক্ষোভ প্রকাশ করেছেন ব্যবসায়ী থেকে সাধারণ মানুষ। বেশিরভাগ দোকানের সামনেই একহাঁটু জল দাঁড়িয়ে রয়েছে। কোথাও জমে রয়েছে কাদা। ব্যবসায়ী প্রদীপ দেবশর্মা বলেন, 'দোকানের সামনেই জলকাদায় ভর্তি হয়ে রয়েছে। এর ওপর দিয়ে চলছে যানবাহন। ক্রেতাদের স্বস্তিতে দাঁড়িয়ে থাকার উপায় নেই।' ফল ব্যবসায়ী ফুলচাঁদ বাড়ুইয়ের কথায়, 'দীর্ঘদিনের সমস্যা। দোকানের সামনে জলকাদা জমে ভয়ানক পরিস্থিতির সৃষ্টি হয়েছে। ক্রেতাদের দোকানে ঢোকার মুখেই এই অবস্থা। বহুবার এখানকার ব্যবসায়ী সমিতিকে জানিয়েছি। কিন্তু কোনও সুফল মেলেনি।'

ময়নাগুড়ি শহর থেকে ধূপগুড়িগামী ৭১৭ নম্বর জাতীয় সড়ক ধরে ১০ কিলোমিটার দূরে হুসলুরডাঙ্গা মোড়। এই মোড় থেকে ডান দিকে পাঁচশো মিটার দূরত্বে পাকা রাস্তা চলে গিয়েছে হুসলুরডাঙ্গা বাজার। বাজারের মধ্যেই এই হাট। এলাকার বাসিন্দা কৃষিজীবী সুশীল রায়ের কথায়, 'সকালে শসা নিয়ে এসেছিলাম। হাট চত্বর জলকাদায় ভর্তি দেখে ভেতরে ঢুকিনি। বাইরে থেকে পাইকারের কাছে শসা বিক্রি করে দিয়েই বাড়ি ফিরছি।'

হাটের আগের কমিটি ভেঙে দেওয়া হয়েছে তিন বছর আগে। তারপর নতুন করে হাট কমিটি গঠন করা যায়নি। হুসলুরডাঙ্গা বাজার ব্যবসায়ী সমিতির সম্পাদক অনুপ বিনানি হাট এবং হুসলুরডাঙ্গা বাজারের সমস্যার কথা স্বীকার করে নিয়েছেন। তিনি বলেন, 'সমস্যার কথা ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে।' জলপাইগুড়ি জেলা পরিষদের সদস্য দীপালি রায় বর্মন বলেন, 'কিছুদিন আগেই হাট চত্বরে একটি নর্দমা নির্মাণ করা হয়েছে। অল্প সময়ের মধ্যেই সেটা আবর্জনার স্তূপে ভরাট হয়ে গিয়েছে। সার্বিক পরিস্থিতি খতিয়ে দেখে জলপাইগুড়ি জেলা পরিষদে আলোচনা করা হবে।' ময়নাগুড়ি পঞ্চায়েত সমিতির সভাপতি কুমুদরঞ্জন রায় বলেন, 'যদিও জলপাইগুড়ি জেলা পরিষদ নিয়ন্ত্রণাধীন হাট হুসলুরডাঙ্গা। পঞ্চায়েত সমিতির পক্ষ থেকে কিছুদিন আগে হাট চত্বরে একটি মাছ বাজার বসার জন্য পাকা শেড নির্মাণ করা হয়েছে। চালু করে দেওয়া হয়েছে শেডটি। হাট এবং বাজারের সমস্যার বিষয়ে জলপাইগুড়ি জেলা পরিষদ কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করা হবে।'



জলমগ্ন হুসলুরডাঙ্গা হাট চত্বর। -সংবাদচিত্র

**সমস্যা কোথায়**

- গোটা হাট চত্বর জলকাদায় ভরে রয়েছে
- কোনও কোনও দোকানের সামনে আবার একহাঁটু জল
- হাট চত্বরে দুটি শৌচাগারের বেহাল অবস্থা
- নিকাশি ব্যবস্থা নেই বললেই চলে
- নর্দমা ভরাট হয়েছে আবর্জনার স্তূপে
- জেলা পরিষদের শেড বেদখল হয়ে গিয়েছে

## জলকাদায় দাঁড়িয়ে বিক্ষোভ গ্রামবাসীর

**জলপাইগুড়ি, ২৩ এপ্রিল :** জলপাইগুড়ি শহরের সেনপাড়া বাঁধের বাজার থেকে তিস্তা নদীর দিকে যে রাস্তাটি নেমে গিয়েছে, তার কিছুটা অংশ পুরসভার তিন নম্বর ওয়ার্ডের মধ্যে পড়ে। তারপর থেকেই খড়িয়া গ্রাম পঞ্চায়েতের উত্তর সুকান্তনগর। পুরসভার সীমানা পেরিয়ে পঞ্চায়েত এলাকাতে ঢুকতেই জলকাদায় আটকে যাবে টোটো ও বাইকের চাকা। পরিস্থিতি নিয়ে ক্ষুব্ধ খড়িয়া গ্রাম পঞ্চায়েতের উত্তর সুকান্তনগরের বাসিন্দারা বুধবার বাঁশ দিয়ে পথ আটকে বিক্ষোভ দেখান। জলকাদার মধ্যে দাঁড়িয়েই বিক্ষোভ দেখাতে থাকেন গ্রামবাসীরা। তবে রাস্তাটি নতুন করে তৈরির প্রক্রিয়া শুরু হয়েছে বলে আশ্বাস দিয়েছেন খড়িয়া গ্রাম পঞ্চায়েতের উপপ্রধান মনোজ ঘোষ।

এলাকাবাসীর অভিযোগ, অল্প বৃষ্টিতেই হাঁটুজল দাঁড়িয়ে যায় রাস্তার ওপর। নিকাশি ব্যবস্থা সম্পূর্ণ ভেঙে পড়েছে। ওই এলাকায় নতুন রাস্তা তৈরির দাবি দীর্ঘদিনের। ভোট এলেই রাস্তা তৈরির প্রতিশ্রুতি দেন নেতারা। কিন্তু ভোট চলে গেলেই আর দেখা মেলে না নেতাদের। রাস্তার প্রতিশ্রুতি পূরণ তো দূরের কথা। বাসিন্দাদের অভিযোগ, বর্ষা এখনও আসেনি। তবে এখনই রাস্তার জায়গায় জায়গায় প্রায় পুকুর তৈরি হয়ে গিয়েছে। কোনও টোটো ওই ভাঙা রাস্তায় ঢুকতে চায় না। ফলে রাস্তা নিয়ে সমস্যায় পড়তে হয় এলাকার বাসিন্দাদের। উত্তর সুকান্তনগরের বাসিন্দা শম্ভু সেন বলেন, 'প্রায় ১৫ বছর ধরে আমাদের এই রাস্তাটা বেহাল অবস্থায় পড়ে আছে। এখন চলাচলের সম্পূর্ণ অযোগ্য হয়ে গিয়েছে। বর্ষার সময় একহাঁটু জল দাঁড়িয়ে যায়। নিকাশি ব্যবস্থা খুবই খারাপ। আমার দাবি, দ্রুত এই রাস্তাটি পাকা করা হোক।'

একই অভিযোগ এলাকার বাসিন্দা কল্যাণ সেনের। তাঁর কথায়, 'ভোটের সময় নেতারা এসে রাস্তা নিয়ে অনেক প্রতিশ্রুতি দিয়ে যান। কিন্তু তারপর কেউ আর আমাদের খোঁজ পর্যন্ত নিতে আসেন না। আমরা স্থানীয় পঞ্চায়েত সদস্য থেকে শুরু করে গ্রাম পঞ্চায়েত প্রধানকে বহুবার জানিয়েছি। কিন্তু কেউ রাস্তা তৈরির কোনও উদ্যোগ নেননি। বিষয়টি প্রশাসনের নজরে আনতে বাধ্য হয়ে আজ আমরা পাড়ার এই রাস্তা দিয়ে মানুষের যাতায়াত বন্ধ করে দিয়েছি।'

এ বিষয়ে খড়িয়া গ্রাম পঞ্চায়েতের উপপ্রধান মনোজ ঘোষের বক্তব্য, 'উত্তর সুকান্তনগরের একটি রাস্তা নতুন করে তৈরির প্রক্রিয়া শুরু হয়েছে। ধীরে ধীরে আমরা সব রাস্তাই তৈরি করব।'

> ভোটের সময় নেতারা এসে রাস্তা নিয়ে অনেক প্রতিশ্রুতি দিয়ে যান। কিন্তু তারপর কেউ আর আমাদের খোঁজ পর্যন্ত নিতে আসেন না।
>
> **কল্যাণ সেন**, *এলাকাবাসী*

## একাধিক কারণে পরিবর্তন হতে পারে সংখ্যা

# যোগ্য তালিকায় ৪৮৯

শুভজিৎ দত্ত

**নাগরাকাটা, ২৩ এপ্রিল :** ২০১৬ সালের স্কুল সার্ভিস কমিশনের (এসএসসি) প্যানেলভুক্ত এমন নন টেন্টেড বা যোগ্য ৪৮৯ জন শিক্ষকের তালিকা স্কুলগুলিকে পাঠাল জলপাইগুড়ি জেলা শিক্ষা দপ্তর। ডিআই অফিসের তরফে পাঠানো ওই তালিকায় নাম থাকা শিক্ষকদের তথ্য জমা দিতে বলা হয়েছিল। স্কুলগুলি তা পাঠিয়েও দিয়েছে। জানা গিয়েছে, এই তালিকা তৈরি হয়েছে শিক্ষকদের স্কুলগুলিতে কাজে প্রথম যোগদানের ওপর ভিত্তি করে। যদিও পরবর্তীতে বহু স্কুলে অন্য জেলা থেকে শিক্ষক বদলি হয়েও এসেছেন। তাঁদের নাম ওই তালিকায় নেই। তবে স্কুলগুলি যে তথ্য জমা দিয়েছে তাতে ওই ধরনের শিক্ষকদের বিষয়টি জানানোর অপশন ছিল। যে কারণে বদলি হয়ে আসা শিক্ষকদের তথ্যও স্কুলগুলি পাঠায়। এতে কোন জেলা থেকে তাঁরা এসেছিলেন সেটাও লিখে দেওয়া হয়েছে। পরে রাতে ডিআই অফিস থেকে ফের ওই শিক্ষকদের পুরোনো স্কুলের নাম জানতে চেয়ে স্কুলগুলির কাছে বার্তা আসে। তড়িঘড়ি করে সেটাও স্কুলগুলি পাঠিয়ে দেয়।

জেলার এক শিক্ষাকর্তা বলেন, 'এবারে যে জেলা থেকে শিক্ষকরা বদলি হয়ে এসেছিলেন সেই জেলার নন টেন্টেড বা যোগ্যদের তালিকায় তাঁদের নাম আছে কি না সেটা যাচাই করার পরই বেতন সংক্রান্ত পরবর্তী পদক্ষেপ করা হবে।' সবমিলিয়ে এদিন অবশ্য স্কুলগুলি পোর্টাল মারফত বেতনের রিকুইজিশন জমা দিতে পারেনি। যদিও বৃহস্পতিবারের মধ্যে কাজটি হয়ে যাবে বলে শিক্ষক মহলের ধারণা।

শাসকদলের শিক্ষক সংগঠন পশ্চিমবঙ্গ তৃণমূল মাধ্যমিক শিক্ষক সমিতির জলপাইগুড়ি জেলা কমিটির সভাপতি অঞ্জন দাস বলেন, 'প্রধান শিক্ষকদের যোগ্য-অযোগ্যদের বেতন সংক্রান্ত বিষয় নিয়ে যে সংশয় ছিল তা এর ফলে দূর হয়ে গেল। রাজ্য সরকার যোগ্যদের পাশে রয়েছে। সরকার তাঁদের জন্য আইনি লড়াইও চালিয়ে যাচ্ছে।' অন্যদিকে, সিপিএমের শিক্ষক সংগঠন এবিটিএ-র জেলা সম্পাদক প্রসেনজিৎ রায় বলেন, 'কোন ভিত্তিতে এসএসসি যোগ্যদের তালিকা পাঠিয়েছে সেই ব্যাখ্যা একমাত্র তারাই দিতে পারবে। আমাদের দাবি, একজন যোগ্য শিক্ষকও যেন বাদ না পড়েন। দ্রুত সবার বেতনের ব্যবস্থা করতে হবে।' যদিও প্রাথমিকভাবে তালিকা নিয়ে এখনও পর্যন্ত কোনও অভিযোগ মেলেনি।

তবে তালিকার ৪৮৯ জনের সংখ্যাটি কিছু-কম বা বেশি দুই-ই হতে পারে বলে স্কুলগুলির ধারণা। এর কারণ যাঁরা ট্রান্সফার ইন বা বদলি হয়ে এই জেলায় এসেছিলেন তাঁদের মধ্যে কেউ যোগ্য বা অযোগ্য হলে সংখ্যার ক্ষেত্রেও রদবদল হয়ে যাবে। আবার এখান থেকে বদলি হয়ে যাঁরা অন্য জেলায় গিয়েছেন, অথচ প্রথম কর্মস্থল হিসেবে কিছু শিক্ষকের নাম এই জেলার স্কুলের তালিকায় রয়ে গিয়েছে। তা পরবর্তীতে অন্য জেলায় অন্তর্ভুক্ত হয়ে যাবে। জেলার ধূপগুড়ি মহকুমার চা বলয়ের একটি স্কুলের তথ্য বলছে সেখানে যে ১১ জন চাকরিহারা হয়েছিলেন তাঁদের মধ্যে দুজনের নাম এদিনের পাঠানো তালিকায় নেই। মালবাজার মহকুমার একটি স্কুল থেকে একজনের নাম নেই। ধূপগুড়ি শহরের একটি স্কুলের দুই শিক্ষকের ও আরেকটি স্কুলের একজনের নাম নেই। আবার সমস্ত চাকরিহারার নামই যোগ্যদের তালিকায় রয়েছে এমন স্কুলও বহু।



জলপাইগুড়ির একটি স্কুলে। বুধবার। -সংবাদচিত্র

> প্রধান শিক্ষকদের যোগ্য-অযোগ্যদের বেতন সংক্রান্ত বিষয় নিয়ে যে সংশয় ছিল তা এর ফলে দূর হয়ে গেল। রাজ্য সরকার যোগ্যদের পাশে রয়েছে। সরকার তাঁদের জন্য আইনি লড়াইও চালিয়ে যাচ্ছে।
>
> **অঞ্জন দাস**, *জেলা সভাপতি তৃণমূল মাধ্যমিক শিক্ষক সমিতি*

> কোন ভিত্তিতে এসএসসি যোগ্যদের তালিকা পাঠিয়েছে সেই ব্যাখ্যা একমাত্র তারাই দিতে পারবে। আমাদের দাবি, একজন যোগ্য শিক্ষকও যেন বাদ না পড়েন। দ্রুত সবার বেতনের ব্যবস্থা করতে হবে।
>
> **প্রসেনজিৎ রায়**, *জেলা সম্পাদক, এবিটিএ*

## হাতি-মানুষ সংঘাত রুখতে ব্যাম্বু ফডারের ভাবনা

**গয়েরকাটা, ২৩ এপ্রিল :** হাতি-মানুষ সংঘাত ঠেকাতে হলে জঙ্গলের ভিতরেই হাতির প্রয়োজনীয় খাদ্যের জোগান দেওয়া অত্যন্ত আবশ্যক। জঙ্গলে খাদ্যের অভাবে খিদের জ্বালায় হাতি সহ বন্যপ্রাণীরা লোকালয়ে হানা দিচ্ছে। যে কারণে ফসলের ক্ষতি তো হচ্ছেই। এমনকি জঙ্গল লাগোয়া এলাকায় স্থানীয় বাসিন্দাদের মৃত্যু পর্যন্ত হচ্ছে। এখন হাতির বিচরণস্থল থেকে বাদ যাচ্ছে না ধূপগুড়ি, ফালাকাটার মতো শহরও।

এই পরিস্থিতিতে জঙ্গলের ভিতরেই হাতিকে আটকে রাখার জন্য ব্যাম্বু ফডার বা বাঁশ গাছ লাগানোর পরিকল্পনা নিয়েছে মোরাঘাট রেঞ্জ। জঙ্গলের প্রায় ৩০ হেক্টর জমিতে প্রাথমিকভাবে এই বাঁশ গাছ লাগানো হবে। সেজন্য বন দপ্তরের নার্সারিতে সেই বিশেষ ধরনের বাঁশ গাছের চাষ ইতিমধ্যে শুরু করে দিয়েছে বন দপ্তর।

মোরাঘাট রেঞ্জ সূত্রে জানা গিয়েছে, মোরাঘাট জঙ্গলের বিভিন্ন এলাকায় এক ধরনের বিশেষ বাঁশ গাছ লাগানোর পরিকল্পনা নেওয়া হয়েছে। এই বাঁশ হাতির খুব প্রিয় খাদ্য। এছাড়া আমড়া, বয়ড়া, কাঁঠাল গাছ লাগানোরও সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ভবিষ্যতে চেপ্টি, থাড্ডা, মলশা, পুরান্ডি প্রজাতির ঘাস লাগানোর পরিকল্পনা রয়েছে। হাতির দলের জন্য বাঁশের বন তৈরিরও পরিকল্পনা রয়েছে।

মোরাঘাট রেঞ্জের রেঞ্জ অফিসার চন্দন ভট্টাচার্য বলেন, 'হাতি আর মানুষের সংঘাত ঠেকাতে আমরা বেশকিছু পরিকল্পনার কথা ওপরমহলে জানিয়েছি। সেগুলি অনুমোদন পেলেই কাজ করা হবে। আগে শুধু ওয়াইল্ডলাইফ সেকশনে এই গাছগুলি লাগানো হত। তবে এখন আমরা টেরিটোরিয়াল সেকশনেও হাতির বিভিন্ন ব্যাম্বু ফডার লাগানোর কথা ভাবছি।'

# লেভেল ক্রসিংয়ে নিত্য দুর্ভোগ

## ওভারব্রিজ বা আন্ডারপাস নির্মাণের দাবি

অভিরূপ দে

**ময়নাগুড়ি, ২৩ এপ্রিল :** লেভেল ক্রসিং ঘিরে ঘোর ঝঞ্ঝাট। ফলে প্রতিদিন সমস্যায় পড়ছেন কয়েক হাজার মানুষ। ভোগান্তির এই লেভেল ক্রসিংটি ময়নাগুড়ি ভোটপট্টি থেকে হেলাপাকড়ি যাওয়ার পথে পূর্ত দপ্তরের রাস্তার উপর অবস্থিত।

রোজ এই এলাকায় রেলপথে অন্তত ৫০টি যাত্রীবাহী ও পণ্যবাহী ট্রেন চলাচল করে। ওই ট্রেনগুলোর চলাচলের জন্য দিনের নানা সময়ে প্রায় সাত থেকে আট ঘণ্টা রেলগেট বন্ধ রাখতেই হয়। এতে ওই পথ দিয়ে চলাচলকারী মানুষজন প্রতিদিন সমস্যায় পড়ছেন। স্থানীয় বাসিন্দাদের দাবি, ময়নাগুড়ি ভোটপট্টি এলাকার ওই লেভেল ক্রসিংটি তুলে দিয়ে সেখানে ওভারব্রিজ অথবা আন্ডারপাস নির্মাণ করা হোক। এতে সমস্যার সমাধান হবে।

ময়নাগুড়ির বিধায়ক কৌশিক রায় বলেন, 'সমস্যার কথা শুনেছি। বিষয়টি ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানাব।'

কোচবিহার থেকে চ্যাংরাবান্ধা হয়ে ময়নাগুড়ির তিস্তা সেতুর আগে দোমোহনি এলাকায় অবস্থিত এই রেলপথ মেইন লাইনে গিয়ে মিশেছে। এই লেভেল ক্রসিং পেরিয়ে ভোটপট্টি ছাড়াও হেলাপাকড়ি, জোড়পাকড়ি, ধর্মপুরের বাসিন্দা স্কুল ও কলেজের পড়ুয়া, অফিস যাত্রী সহ এলাকার অন্য বাসিন্দারা যাতায়াত করেন। অতীতে লেভেল ক্রসিংয়ে আটকে পড়ায় রোগীমৃত্যুর মতো মর্মান্তিক ঘটনাও ঘটেছে।

এই রাস্তা দিয়ে যাতায়াতকারী দীপেশ বাড়ুই বললেন, 'লেভেল ক্রসিংয়ের জন্য স্থানীয় মানুষজনের দুর্ভোগের অন্ত নেই। অবিলম্বে এখানে আন্ডারপাস অথবা ওভারব্রিজ তৈরি করা হোক।' স্থানীয় আরেক বাসিন্দা অমল সরকারের কথায়, 'ট্রেন আসার অনেক আগে লেভেল ক্রসিংয়ের গেট বন্ধ করে দেওয়া হয়। এতে রাস্তার দু'ধারে যানবাহনের লম্বা লাইন পড়ে যায়। আন্ডারপাস বা ওভারব্রিজ হলে গাড়ি আটকানোর দরকার হবে না।' একই দাবি জানিয়েছেন নীতিন রায়ের মতো স্থানীয় বাসিন্দারাও।



ভোটপট্টি রেলগেটে এভাবেই আটকে থাকেন সাধারণ মানুষ।

## শিশুকন্যাকে যৌন নিগ্রহে গ্রেপ্তার বৃদ্ধ

**জলপাইগুড়ি, ২৩ এপ্রিল :** শিশুকন্যাকে যৌন নিগ্রহের অভিযোগে মঙ্গলবার প্রতিবেশী এক বয়স্ক ব্যক্তিকে গ্রেপ্তার করল জলপাইগুড়ি মহিলা থানার পুলিশ। ঘটনাটি ঘটেছে জলপাইগুড়ি সদর ব্লকের একটি গ্রামে। অভিযোগ, কয়েকদিন ধরে শিশুটিকে মিষ্টি খাওয়ানোর প্রলোভন দেখিয়ে ডেকে নিয়ে যৌন নিগ্রহ করত ওই ব্যক্তি।

মঙ্গলবার শিশুটির বাবা-মা কাজে বের হলে একইভাবে তাকে ডেকে যৌন নিগ্রহ করতে গেলে প্রতিবেশীরা ধরে ফেলেন। তখন সবাই মিলে ওই ব্যক্তিকে গণধোলাই দেন। খবর পেয়ে কোতোয়ালি থানার পুলিশ গিয়ে তাকে আটক করে। পরবর্তীতে শিশুটির পরিবারের অভিযোগের ভিত্তিতে ওই প্রতিবেশীকে গ্রেপ্তার করে পুলিশ। মহিলা থানার আইসি ডিকি লামু ভুটিয়া বলেন, 'অভিযুক্তের বিরুদ্ধে মামলা রুজু করা হয়েছে।'

## জন বারলার স্ত্রী প্রয়াত

**নাগরাকাটা, ২৩ এপ্রিল :** বুধবার দুপুরে প্রয়াত হলেন প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী জন বারলার স্ত্রী মহিমা বারলা। মৃত্যুকালে বয়স হয়েছিল ৪৮ বছর। মহিমা দীর্ঘদিন ধরে নয়াদিল্লির এইমসে চিকিৎসাধীন ছিলেন।

কিডনির অসুখে ভুগছিলেন তিনি। কিডনি প্রতিস্থাপনও করা হয়েছিল। এইমসে ডায়ালিসিস চলছিল মহিমার। মাঝে অস্ত্রোপচারও করা হয়। ফের কিডনি প্রতিস্থাপনের কথা ছিল। সেখানেই তাঁর মৃত্যু হয়েছে। স্ত্রী বিয়োগের পরে শোকার্ত জন বলেন, 'আমার জীবনে মহিমার অবদান এবং আত্মত্যাগ কোনওদিন ভোলার নয়।'

বৃহস্পতিবার মহিমার মরদেহ বানারহাটের লক্ষ্মীপাড়া চা বাগানে শেষকৃত্যের জন্য আনা হবে। বারলা দম্পতির এক পুত্র বর্তমান। মহিমার প্রয়াণের পর শোক প্রকাশ করেছেন রাজ্যের শাসক ও বিরোধী দলের নেতারাও।

## মহোৎসব

**চালসা, ২৩ এপ্রিল :** চালসার মা আনন্দময়ী কালীবাড়িতে ভারত সেবাশ্রম সংঘের বার্ষিক মহোৎসবে বুধবার প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন স্বামী বরুণানন্দ। এছাড়া ছিলেন সংঘের চালসা শাখার সভাপতি শেলি চৌধুরী, সম্পাদিকা মধুমিতা বিশ্বাস প্রমুখ। মূলত মহিলারা এই মহোৎসবের আয়োজন করেন। সকালে মহিলাদের শোভাযাত্রা বের করা হয়। দিনভর চলে শান্তিযজ্ঞ, ধর্মালোচনা ইত্যাদি নানা অনুষ্ঠান।

## ব্যবসায়ী সভা গয়েরকাটায়

**গয়েরকাটা, ২৩ এপ্রিল :** বুধবার সাঁকোয়াঝোরা-১ গ্রাম পঞ্চায়েতের বিবাহ ভবনে গয়েরকাটা ব্যবসায়ী সমিতির বার্ষিক সম্মেলন হয়। উপস্থিত ছিলেন জলপাইগুড়ি জেলা পরিষদের সহকারী সভাধিপতি সীমা চৌধুরী, ফোসিন-এর সাধারণ সম্পাদক বিশ্বজিৎ দাস, গয়েরকাটা ব্যবসায়ী সমিতির সম্পাদক রঞ্জন দত্ত প্রমুখ। গয়েরকাটায় ব্যবসা বৃদ্ধি, ব্যবসায়ীদের বিভিন্ন সুযোগসুবিধা, মার্কেট কমপ্লেক্স তৈরি ইত্যাদি নিয়ে সম্মেলনে আলোচনা হয়।

# অবহেলায় গোঁসাইরহাট ইকো পার্ক

জিষ্ণু চক্রবর্তী

**গয়েরকাটা, ২৩ এপ্রিল :** এককালে সেখানে পরিযায়ী পাখিদের মেলা বসত। ওয়াচটাওয়ারও ছিল। পাখিদের দেখতে ভিড় জমাতেন পর্যটকরা। কিন্তু সেসবই এখন অতীত। গত ১১ বছর ধরে বন্ধ হয়ে পড়ে থাকা গোঁসাইরহাট ইকো পার্ক এবং পাখিরালয়ে এখন আর পাখিরাও আসে না। পর্যটকদেরও দেখা যায় না। একসময় এই ইকো পার্ককে ঘিরে স্থানীয় রাভা জনজাতির একটা বড় অংশের মানুষের রুজিরুটির সংস্থান হত। ইকো পার্কটি বন্ধ হওয়ার পর থেকে সেটাও বন্ধ হয়ে গিয়েছে। তাঁদের কথা ভেবে এবার ইকো পার্কটি ফের চালু করা হোক, চাইছেন স্থানীয়রা।

ইকো পার্কটি চালু থাকাকালীন ওই এলাকায় বিভিন্ন খাবারের দোকান, খেলার সামগ্রী নিয়ে বসেছিলেন অনেকে। সেটি বন্ধ হওয়ায় তাঁদের রুজিরুটিতে কোপ পড়ে। সেরকমই একজন সন্তালি রাভা। তিনি একটি মহিলা স্বনির্ভর গোষ্ঠীর সদস্য। তাঁর কথায়, 'আগে পার্কে আসা লোকদের কাছে আমাদের সংস্কৃতির বিভিন্ন জিনিস, খাবার বিক্রি করে আয় হত। পার্কটি বন্ধ হয়ে যাওয়ার পর থেকে আমাদের সেই আয়ের উৎসও বন্ধ হয়ে যায়।'

২০০৬ সালে জলপাইগুড়িতে মোরাঘাট বনাঞ্চলে ইকো পার্কটি স্থাপিত হয়েছিল। দেশি-বিদেশি পাখিদের আগমনে প্রথম থেকে পর্যটকদের আকর্ষণের কেন্দ্রবিন্দুতে পরিণত হয়েছিল। কিন্তু কয়েক বছর পর থেকে ছবিটা বদলাতে শুরু করে। বনকর্মীর অভাব, রক্ষণাবেক্ষণের সমস্যা ইত্যাদি কারণে ২০১৪ সালে ইকো পার্কটি বন্ধ হয়ে যায়। বন্ধ হয়ে যায় ইকো পার্কের পাশে থাকা শিশু উদ্যানটিও। এবছর জানুয়ারি মাসে সেটি খুলে দিয়েছে বন দপ্তর। সেখানে পর্যটকরা এলেও সংখ্যাটা খুব বেশি নয়। অবহেলায় পড়ে থাকা ইকো পার্ক এবং পাখিরালয় খোলা নিয়ে এখনও কোনও উদ্যোগ চোখে পড়েনি। মোরাঘাট রেঞ্জের রেঞ্জ অফিসার চন্দন ভট্টাচার্য অবশ্য বললেন, 'ইতিমধ্যে পার্কের গেটটি সংস্কার করা হয়েছে। শিশু উদ্যানটি খোলা হয়েছে। পাখিরালয়টি খোলার ব্যাপারে যাবতীয় রিপোর্ট ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে পাঠানো হয়েছে। অনুমোদন এলে পদক্ষেপ করা হবে।'

বনাঞ্চলের মধ্যবর্তী এলাকায় একটি জলাশয়কে কেন্দ্র করে পাখিরালয়টি স্থাপিত হয়েছিল। ওয়াচটাওয়ার দুটিতে পর্যটকদের থাকারও ব্যবস্থা করে দেওয়া হয় পরবর্তীতে। চালু হয় নৌকাবিহারের ব্যবস্থা। বনকর্মীর অভাব থাকায় নজরদারি ঠিকঠাক দেওয়া হচ্ছিল না। প্রায়ই বসত মদের আসর, সেখানে তরুণদের সঙ্গে দেখা যেত তরুণীদেরও। অন্যদিকে, নিয়মিত পরিষ্কার না হওয়ায় এবং রক্ষণাবেক্ষণের অভাবে জলাশয়টি নষ্ট হয়ে যেতে থাকে। কমে যায় পরিযায়ী পাখিদের আনাগোনা। পর্যটকের সংখ্যাও কমে যায়। এরপরই ইকো পার্কটি বন্ধ করে দেয় বন দপ্তর। বন্ধ পার্কে নিরাপত্তারক্ষী না থাকায় দুষ্কৃতীরা সেই সুযোগে পার্কের বিভিন্ন সামগ্রী নিয়ে চম্পট দেয়। ইকো পার্কটি চালুর দাবি তুলেছেন রাভা ডেভেলপমেন্ট কাউন্সিলের রাজ্য সাধারণ সম্পাদক রবি রাভাও।



গোঁসাইরহাটের ইকো পার্ক।

ICFAI UNIVERSITY TRIPURA

Approved under section 2(f) of the UGC Act 1956

NAAC ACCREDITED



21 OVER TWO DECADES OF EXCELLENCE IN PROFESSIONAL EDUCATION

MERIT SCHOLARSHIP upto 2.1 Lakh

ADMISSION OPEN

240+ Recruiters Ready to Provide You with the Best Job Offers upto 10 Lakhs per annum

amazon, wipro, IndiGo, Deloitte, Capgemini, Flipkart, NABARD, tcs, genpact, AXIS BANK, LUX & many more

AAA RANKED India's Best Engineering Institute 2024 CAREERS 360 | AAA RANKED India's Best Law Institute 2024 CAREERS 360 | AA+ RATING India's (Northeast Zone) Best B-School 2025 CAREERS 360 | 1 RANKED Top Engineering Colleges by State CSR-GHRDC | 2 RANKED CSR-GHRDC | 5 RANKED CSR-GHRDC

PROGRAMS OFFERED

**Engineering & Science**
- B.Tech (CE, ME, ECE, EE, CSE)
- B.Tech (Lateral Entry)
- BCA
- B.Sc. in Data Science & AI
- Int. MCA
- MCA
- M.Tech - CSE
- M.Tech - Structural Engineering
- M.Tech - Water Resource
- B.Sc. Mathematics (Hons.)
- B.Sc. Chemistry (Hons.)
- B.Sc. Physics (Hons.)
- M.Sc. Physics
- M.Sc. Chemistry
- M.Sc. Mathematics

**Management & Commerce**
- BBA
- B.Com (Hons.)
- B.A./B.Sc. Economics (Hons.)
- MBA
- Executive MBA
- M.Com
- MA./MSc. Economics
- Master in Hospital Administration (MHA)

**Law**
- BA-LLB (Hons.)
- BBA-LLB (Hons.)
- LL.B (3 Years)
- LL.M (2 Years)

**Special Education**
- D.Ed.Spl. Ed. (ID)
- B.Ed Spl. Ed. (ID)
- M.Ed Spl. Ed. (ID)
- Int. B.A. B.Ed. Spl. Ed. (ID)
- Int. B.Com. B.Ed. Spl. Ed. (ID)
- Int. B.Sc. B.Ed. Spl. Ed. (ID)
- Integrated B.A. B.Ed. Spl. Ed. (Visually Impaired)

**Liberal Arts**
- B.A. English (Hons.)
- B.A/B.Sc. Psychology (Hons.)
- MA English
- M.A/M.Sc- Psychology
- M.A. Journalism and Mass Communication

**Allied Health Science**
- BSc. in Emergency Medical Technology
- BSc. in Cardiac Care Tech.
- BSc. in Dialysis Therapy Technology
- Bachelor in Health Information Management
- B.Sc Medical Lab Technology(BMLT) (Regular/Lateral Entry)
- M.Sc Medical Lab Technology(MMLT)

**Nursing**
- GNM

**Clinical Psychology**
- M.Phil in Clinical Psychology

**Education**
- B.Ed
- MA Education
- M.Ed

**Physical Education**
- D.P.Ed
- B.P.Ed
- B.P.E.S
- M.P.E.S

**Ph.D** Engineering (CE, CSE, ME, ECE, EE), Science (Physics, Chemistry, Mathematics), Allied Health Sciences, Management, Economics, Commerce, Law, English, Psychology, Education, Spl. Education, Sociology, Physical Education, Political Science, Philosophy.

Siliguri Office : Opp. Anjali Jewellers Ramkrishna Road, Beside Sarada Moni School P.O. & P.S. Siliguri. Ashrampara. Pin - 734001 Ph: 9933377454

University Campus : Kamalghat, Agartala - 799210 Tripura (West) Ph: 7005754371, 9612640619, 8415952506, 9366831035, 8798218069

APPLY ONLINE iutripura.in

Scan to Apply online

6909879797, Toll Free No. 18003453673, iutripura

## ধর্ষণের দায়ে সশ্রম কারাদণ্ড

**জলপাইগুড়ি, ২৩ এপ্রিল :** নাবালিকাকে ধর্ষণের দায়ে এক তরুণকে ২০ বছরের সশ্রম কারাদণ্ডের নির্দেশ দিল আদালত। বুধবার জলপাইগুড়ি বিশেষ পকসো আদালতের বিচারক রিন্টু শূর এই সাজা ঘোষণা করেছেন। ২০২১ সালে ধূপগুড়ি থানার একটি গ্রামীণ এলাকায় ঘটনাটি ঘটে। সেইসময় নাবালিকার বয়স ছিল ১৪ বছর। অভিযুক্ত নাবালিকারই দূর সম্পর্কের এক আত্মীয়। সেই সূত্রে নাবালিকার বাড়িতে যাতায়াত ছিল ওই তরুণের। জানা গিয়েছে, ঘটনার সন্ধ্যায় নাবালিকার এক প্রতিবেশীর মোবাইলে ফোন করে মেয়েটির সঙ্গে কথা বলতে চায় অভিযুক্ত। ফোনে জানায়, বাড়ি থেকে কিছুটা দূরে নাবালিকা যেন তার সঙ্গে দেখা করে।

নাবালিকা তাতে রাজি না হলে অভিযুক্ত হুমকি দেয়, না দেখা করতে এলে সে নাবালিকার বাড়ির সামনে আত্মহত্যা করবে। এতে ভয় পেয়ে যায় নাবালিকা। অভিযুক্তকে বাড়ির সামনে আসতে বলে নাবালিকা। অভিযুক্ত একটি গাড়ি নিয়ে নাবালিকার বাড়ির সামনে আসে। অভিযুক্ত তরুণ নাবালিকাকে প্রস্তাব দেয় ঘুরতে যাওয়ার জন্য। নাবালিকা সেই প্রস্তাবে রাজি হয়ে গাড়িতে ওঠে। তারপর থেকে নিখোঁজ হয়ে যায় নাবালিকা। প্রায় দেড়মাস বাদে ধূপগুড়ির এক জায়গা থেকে নাবালিকাকে উদ্ধারের পাশাপাশি অভিযুক্তকে গ্রেপ্তার করে পুলিশ। নাবালিকার শারীরিক পরীক্ষার পর জানা যায়, সে ধর্ষণের শিকার হয়েছে। নাবালিকা তার পরিবারকে জানায়, একটি ঘরে প্রায় দেড়মাস ধরে ওই তরুণ তাকে আটকে রেখে একাধিকবার ধর্ষণ করে। নাবালিকার পরিবারের দায়ের করা অভিযোগের ভিত্তিতে গ্রেপ্তার হয় অভিযুক্ত। মামলার সরকারপক্ষের আইনজীবী দেবাশিস দত্ত বলেন, 'দশজনের সাক্ষ্য গ্রহণ হয়েছে। বিচারক অভিযুক্তকে ২০ বছরের সশ্রম কারাদণ্ডের নির্দেশ দিয়েছেন।'

## হাঁস ও মুরগির ছানা বিলি

**জলপাইগুড়ি, ২৩ এপ্রিল :** জলপাইগুড়ি জেলা প্রাণীসম্পদ বিকাশ দপ্তর জানাল, গ্রামের মহিলাদের রোজগারের ব্যবস্থা করতে হাঁস ও মুরগির ছানা বিলি করবে তারা। চলতি বছর জলপাইগুড়ি জেলায় দারিদ্র্যসীমার নীচে থাকা ২৪,৪৬০ জন মহিলাকে ১০টি করে মুরগির ছানা ও ৩,৫৩০ জন মহিলাকে খাকি ক্যাম্বেল হাঁসের ছানা দেওয়া হবে। জেলার ৯টি ব্লক অফিস থেকে উপভোক্তাদের তালিকা তৈরি করা হচ্ছে। স্থানীয় পঞ্চায়েত সমিতি থেকে উপভোক্তাদের নামের তালিকা ব্লক অফিসে জমা দেওয়া হবে।

গত বছর জেলায় ২৩,৫৫০ জন মহিলাকে ১০টি করে মুরগির ছানা ও ২২৮২টি হাঁসের ছানা বিলি করা হয়েছিল। জেলা প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের উপঅধিকর্তা সুবোধ পাল জানান, হাঁস ও মুরগির ডিম বিক্রি করে শুধু উপার্জন নয়, পরিবারের অপুষ্টিও দূর হবে।

## প্রতিবাদ সভা

**মালবাজার, ২৩ এপ্রিল :** ওয়াকফ সংশোধনী আইনের প্রতিবাদে বুধবার মাল ব্লকে তেশিমলার মিঠু মোড় এলাকায় সভা করল কয়েকটি মুসলিম সংগঠন। কাশ্মীরের পহলগামে জঙ্গিহানায় নিহতদের প্রতি শোকপ্রকাশে এক মিনিট নীরবতা পালন করা হয় ওই সভায়। প্রধানমন্ত্রীর কাছে বিচারের দাবি তোলেন সংগঠনের নেতারা। সভায় জমিয়তে উলেমায়ে হিন্দের জলপাইগুড়ি জেলা সভাপতি সফিকুল মৌলানা ছাড়াও উপস্থিত ছিলেন নেতারা।

### তিস্তা ব্যারেজ সেতু বন্ধ থাকার প্রভাব ওদলাবাড়ি, গজলডোবায়

# ভিনরাজ্যে তিনশো ডাম্পার

**অনুপ সাহা**

**ওদলাবাড়ি, ২৩ এপ্রিল :** কাজের খোঁজে ভিনরাজ্যে পাড়ি দিচ্ছে ওদলাবাড়ি এবং গজলডোবার প্রায় তিনশো ডাম্পার। গতবছর ৪ অক্টোবর থেকে তিস্তা ব্যারেজ সেতু দিয়ে বালি, পাথর পরিবহণে যুক্ত ডাম্পার চলাচলের ওপর নিষেধাজ্ঞা জারি করেছিল জেলা প্রশাসন। ২৭ এপ্রিল থেকে সেখান দিয়ে সমস্ত রকমের গাড়ি চলাচল বন্ধ থাকবে ১৪০ দিনের জন্য।

ওদলাবাড়ির ব্যবসায়ী নীতীশ আগরওয়ালের নামে নয়টি ১২ চাকার ডাম্পার রয়েছে। এতগুলো ডাম্পার নিয়ে কী করবেন? নীতীশের উত্তর, 'অসমে পাঠিয়ে দেব। ওখানে বিভিন্ন সরকারি প্রকল্পের কাজ চলছে। মাসিক ভাড়ার চুক্তিতে অসমের ঠিকাদারদের অধীনে আগামী কয়েকমাস চালানো হবে।'

ভরা কাজের মরশুমে ওদলাবাড়ির লেতি, ঘিস এবং চেল নদী থেকে বালি-পাথর তুলে ডাম্পারগুলো পাড়ি দিত চ্যাংরাবান্ধা সীমান্তে। নাহলে ফুলবাড়ি সীমান্ত দিয়ে বাংলাদেশে যেত। শিলিগুড়িতেও যেত বেশ কয়েকটি ডাম্পার। এই কারবারে লাভ হচ্ছে দেখে এলাকার অনেকে ইএমআই দিয়ে ডাম্পার কেনেন। লাভের টাকা ভালোই ঘরে আসছিল।



- ফাইলচিত্র

> বাইরে না পাঠিয়ে উপায় কী? কতদিন আর ঘরে বসিয়ে রাখব? চালক, খালাসিদের মাসে মাসে বেতন দিতে হবে। তার ওপর ইএমআই রয়েছে। গাড়ির রক্ষণাবেক্ষণ রয়েছে। এগুলো সামলাতে হবে তো!
>
> **রাসেল সরকার**
> *সভাপতি, ওদলাবাড়ি ট্রিপার ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশন*

ওদলাবাড়ির মতো ছোট জায়গায় ডাম্পারের সংখ্যা একটা সময় বেড়ে প্রায় পাঁচশো হয়ে গিয়েছিল। জোয়ার এসেছিল স্থানীয় অর্থনীতিতেও।

এ পর্যন্ত সবকিছু ঠিকঠাকই চলছিল। এর মধ্যে প্রথম ধাক্কাটা লাগে গতবছর অক্টোবরে। এরপর বাংলাদেশে চেল, ঘিস এবং লেতির বালি-পাথরের চাহিদা কমে যাওয়ায় চ্যাংরাবান্ধা সীমান্ত দিয়ে পরিবহণের দরও কমিয়ে দেন রপ্তানিকারকরা। দু'বছর আগেও প্রতি টন বালি-পাথরের জন্য মিলত ৫০০-৬০০ টাকা (একেকটি ১২ চাকার ডাম্পারে ন্যূনতম ৪০ টন থাকে)। সেটা এখন কমে দাঁড়িয়েছে ৩৬০ টাকায়। ডাম্পার মালিকদের ব্যাপক লোকসানের মুখে পড়তে হয়।

ব্যারেজ বন্ধ হওয়ার পর বিকল্প পথে কখনও কাঠামবাড়ি-ক্রান্তি ক্যানাল রোড ধরে ময়নাগুড়ি, জলপাইগুড়ি হয়ে শিলিগুড়ি বা ফুলবাড়িতে বালি-পাথর পৌঁছে দেওয়া হত। কখনও আবার মালবাজার, চালসা, ময়নাগুড়ি হয়ে যেত। এতে পরিবহণের খরচ অনেকটাই বেড়ে গিয়েছিল। অনেকেই সময়ে ফিন্যান্স কোম্পানির ইএমআই মেটাতে পারেননি। রাস্তা থেকে ডাম্পার তুলে নিয়ে গিয়েছেন ফিন্যান্স কোম্পানির লোকজন।

ওদলাবাড়ি ট্রিপার ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের সভাপতি রাসেল সরকারের নামে ১৫টি ডাম্পার চলে। তিনিও অসম অথবা বিহারে ডাম্পার পাঠিয়ে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন। রাসেল বলেন, 'বাইরে না পাঠিয়ে উপায় কী? কতদিন আর ঘরে বসিয়ে রাখব? চালক, খালাসিদের মাসে মাসে বেতন দিতে হবে। তার ওপর ইএমআই রয়েছে। গাড়ির রক্ষণাবেক্ষণ রয়েছে। এগুলো সামলাতে হবে তো!'

গজলডোবা ট্রাক মালিকদের সংগঠনের সম্পাদক গোবিন্দ মণ্ডল জানান, এতদিন ব্যারেজ পেরিয়ে শিলিগুড়িতে বালি-পাথর পরিবহণ করা হত। কিন্তু এখন অনেকটা ঘুরে শিলিগুড়িতে যেতে যা খরচ, সেই অনুযায়ী বালি-পাথরের দাম মেলে না। শিলিগুড়ির কারবারিদের কাছে তাই এই মুহূর্তে মহানন্দা এবং বালাসন নদীর বালি-পাথরের কদর বেড়েছে। আক্ষেপের সুরে বললেন, 'গত ছয়মাস ধরে ডাম্পার বসে আছে। লোকসানের বহর বেড়েই চলেছে। আর পারা যাচ্ছে না।'

সামনেই বর্ষা। ফুলেফেঁপে উঠবে নদীগুলো। সেসময় সেখান থেকে বালি-পাথর তোলায় প্রশাসনিক নিষেধাজ্ঞা জারি করা হবে। তখন কী করবেন ডাম্পার মালিকরা?



মৃত হরিদাস রায়ের বাড়ির সামনে প্রতিবেশীদের ভিড়।

# দার্জিলিংয়ে কাজে গিয়ে মৃত শ্রমিক

**শুভাশিস বসাক**

**ধূপগুড়ি, ২৩ এপ্রিল :** ফের বাইরে কাজে গিয়ে বুধবার এক শ্রমিকের মৃত্যু হল। এবার দার্জিলিংয়ে নির্মাণকাজ করতে গিয়ে মাটি ধসে বারোঘরিয়া গ্রাম পঞ্চায়েতের দামবাড়ি এলাকার শ্রমিক হরিদাস রায়ের (৪০) মৃত্যু হয়েছে। পরিবার সূত্রে জানা গিয়েছে, এর আগে হরিদাস গ্যাংটকে কাজ করতেন। এবারে বাড়ি ফেরার পর আর সেখানে না গিয়ে দার্জিলিংয়ে কাজে যান। সেখানে তিনি রাজমিস্ত্রির ঠিকাদারির কাজ করতেন। বুধবার সকালে বিল্ডিং নির্মাণের জন্য পিলার তৈরির গর্তে নেমে তিনি মাপজোখের কাজ করছিলেন। তখনই মাটি ধসে তিনি গর্তের ভিতরেই আটকে যান। তড়িঘড়ি মাটি সরিয়ে হরিদাসকে দার্জিলিং হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা তাঁকে মৃত ঘোষণা করেন। হরিদাসের সঙ্গে কর্মরত অন্য শ্রমিকরা তাঁর পরিবারে ফোন করে ঘটনা জানান। এরপরই পরিবারের লোকেরা ঘটনাস্থলের উদ্দেশে রওনা হয়েছেন।

**শ্রমিকের মৃত্যু**

- হরিদাস বুধবার সকালে বিল্ডিং নির্মাণের পিলারের গর্তে নেমেছিলেন
- তখনই মাটি ধসে তিনি গর্তের ভিতরে আটকে যান
- পরে চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন

মৃতের এক দাদা ধনপতি রায় বলেন, 'ভাই বাড়িতে না থাকায় তাঁর স্ত্রী দুই সন্তানকে নিয়ে বাপের বাড়িতে ছিলেন। সেখানেই তিনি প্রথম খবর পান। তারপরই আমরা ঘটনাটি জানতে পারি। এরপর ধূপগুড়ি থানার পুলিশের সঙ্গে যোগাযোগ করা হয়।' এদিকে ঘটনার খবর পেয়ে গধেয়ারকুঠির গ্রাম পঞ্চায়েতের চরচরাবাড়ির বাপের বাড়িতে থাকা হরিদাসের স্ত্রী সহ অন্যরা কান্নায় ভেঙে পড়েছেন। দামবাড়ির স্থানীয় বাসিন্দা খুশি মণ্ডল জানিয়েছেন, হরিদাস দীর্ঘদিন ধরেই বাইরে ঠিকাদারির কাজ করতেন। এদিকে মৃত শ্রমিক পরিবারের একমাত্র উপার্জনকারী সদস্য ছিলেন। স্ত্রী, সন্তানদের নিয়ে সংসারের হাল ধরতেই তিনি অতিরিক্ত আয়ের আশায় বাইরে পাড়ি দিয়েছিলেন। কিন্তু সেখানে হঠাৎ দুর্ঘটনায় তাঁর মৃত্যুতে পরিবারে শোকের ছায়া নেমে এসেছে।

ঘটনা শোনার পর ওই শ্রমিকের দামবাড়ির বাড়ির সামনে প্রতিবেশীরা ভিড় জমিয়েছিলেন। গত মঙ্গলবার একই গ্রাম পঞ্চায়েতের ভেমটিয়া এলাকাতে কেরলে কর্মরত অপর শ্রমিকের নিথর মৃতদেহ এসে পৌঁছেছিল। এক্ষেত্রে অবশ্য তরুণকে ভিনরাজ্যে খুন করা হয়েছে বলে পরিবারের লোকেরা দাবি তুলেছেন। ওই ঘটনাতে মৃত সুশান্ত রায়ের পরিবারও ধূপগুড়ি থানার পুলিশের সঙ্গে যোগাযোগ করেছে।

## ভুয়ো মিটারে জ্বলছিল আলো

**আবদুল লতিফ**

**গয়েরকাটা, ২৩ এপ্রিল :** নথি লাগবে না! শুধু টাকা দিলেই মিলছে বিদ্যুৎ সংযোগ। এভাবে বাড়িতে ভুয়ো মিটার বসিয়ে ঠকানো হচ্ছে উপভোক্তাদের। বানারহাট ব্লকে এরকমই একটি প্রতারণাচক্রের খোঁজ মিলেছে।

ব্লকের সাঁকোয়াঝোরা-১ গ্রাম পঞ্চায়েতের সজনাপাড়া খড়িয়াবস্তির লছমি খড়িয়া, শুক্রা খড়িয়াদের বাড়িতে বিদ্যুৎ সংযোগ ছিল না। প্রয়োজনীয় নথি না থাকায় কানেকশনের আবেদনও করতে পারছিলেন না। এই সুযোগকে কাজে লাগিয়ে নকল বৈদ্যুতিক মিটার সরবরাহ করছেন চক্রটির সদস্যরা। স্থানীয় বাসিন্দা লছমি খড়িয়া বলেন, 'কাগজপত্র না থাকায় বিদ্যুৎ সংযোগ নিতে পারছিলাম না। একজন এসে বলে ১৮০০ টাকায় মিটার লাগিয়ে দেবে। সেইমতো টাকা দিই। পরে জানতে পারি মিটারটা নকল।' এভাবেই মাস ছয়েক ধরে ভুয়ো মিটারে আলো জ্বলছিল, ফ্যান চলছিল। কিন্তু এত মাস কেটে যাওয়ার পরেও বৈদ্যুতিক বিল না আসায় সন্দেহ হয় তাঁদের। তাঁরা বিষয়টি স্থানীয় পঞ্চায়েত সদস্য বিনোদ রায়কে জানান। তিনি প্রতারিতদের বিদ্যুৎ দপ্তরে অভিযোগ করতে বলেন।

জানা গিয়েছে, বিদ্যুৎ বিভাগের কর্মীর পরিচয়ে ওই বাসিন্দাদের বাড়িতে যে মিটার বসানো হয়েছিল, সেগুলি বৈদ্যুতিক সরঞ্জামের দোকান থেকে ক্রয় করা সাব-মিটার। গয়েরকাটা বিদ্যুৎ সাব-স্টেশনের স্টেশন ম্যানেজার অলোক প্রধান বলেন, 'এই ধরনের মিটার বিদ্যুৎ দপ্তর সরবরাহ করে না। ওরা এই মিটার কোথা থেকে পেল, জানা নেই। গ্রাহকদের আরও সচেতন হতে হবে।' এধরনের কাজে বিদ্যুৎ বিভাগের কেউ জড়িত নেই বলে দাবি তাঁর। বিষয়টি তদন্ত করে দেখা হবে।

## ব্যাটারি চুরি

**চালসা, ২৩ এপ্রিল :** জনবহুল বাতাবাড়ি ফার্ম বাজার এলাকায় মঙ্গলবার রাতে একসঙ্গে দুটি ট্রাকের ব্যাটারি চুরি হয়েছে। বাতাবাড়ি ফার্ম বাজারের জাতীয় সড়কের পাশে পেট্রোল পাম্পে রাখা ছিল ট্রাক দুটি। গাড়ির জানলা ও তালা ভেঙে ব্যাটারি চুরি হয়ে যায়। বুধবার সকালে গাড়ির চালক এলে বিষয়টি তাঁর নজরে পড়ে।

দক্ষিণ ধূপঝোরার বাসিন্দা গাড়ির মালিক ইয়াসিন আলি বলেন, 'এর আগেও এই পেট্রোল পাম্প থেকে ট্রাকের ব্যাটারি চুরি হয়েছে।' হাফিজুল ইসলাম নামে আরেকজনের ট্রাক থেকেও এদিন ব্যাটারি চুরি হয়েছে। চুরির কিনারা করতে পুলিশের কাছে দাবি জানিয়েছেন গাড়ির মালিকরা। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

## সচেতনতা শিবির

**মেটেলি, ২৩ এপ্রিল :** চা বাগানের মহিলাদের স্বনির্ভর গোষ্ঠী গঠনের বিষয়ে সচেতন করতে শিবিরের আয়োজন করল মাটিয়ালি ব্লক প্রশাসন। মঙ্গলবার থেকে বিভিন্ন চা বাগানে এই কর্মসূচি শুরু হয়েছে। মঙ্গলবার আইভিল ও বুধবার ইনডং চা বাগানে মহিলা শ্রমিকদের নিয়ে শিবির করা হয়। শিবিরে স্বনির্ভর গোষ্ঠী গঠনের ফলে মহিলারা কী সরকারি সুযোগ সুবিধা পাবেন ও স্বনির্ভর গোষ্ঠী গঠনের জন্য কোথায় যোগাযোগ করতে হবে সেবিষয়ে জানানো হচ্ছে। শিবিরে ছিলেন মাটিয়ালি বিডিও অভিনন্দন ঘোষ, জেলা পরিষদ সদস্য রেজাউল বাকি, মাটিয়ালি পঞ্চায়েত সমিতির সভাপতি হোসেন হাবিবুল হাসান প্রমুখ।



পাঠকের লেন্সে
8597258697
picforubs@gmail.com

সুরের আসর।। তারাপীঠে ছবিটি তুলেছেন শিলিগুড়ির ঋতুপর্ণা অধিকারী।

# বদলি দুই ভূমি আধিকারিক

**মিঠুন ভট্টাচার্য**

**শিলিগুড়ি, ২৩ এপ্রিল :** রাজ্যজুড়ে ভূমি ও ভূমি সংস্কার দপ্তরে ব্যাপক রদবদল করা হয়েছে। এই রদবদলে একযোগে বদলি করা হল রাজগঞ্জ ও মাটিগাড়ার ব্লক ভূমি ও ভূমি সংস্কার আধিকারিকদের। জমি দুর্নীতিতে বারবার নাম জড়িয়েছে এই দুই ব্লকের। প্রশাসন ও শাসক তৃণমূল বিষয়টিকে রুটিন বদলি হিসেবে চালাতে চাইলেও তা মানতে নারাজ বিরোধীরা। ফলে একসঙ্গে এতজন আধিকারিকের বদলির ঘটনায় উত্তাপ ছড়িয়েছে রাজ্য রাজনীতিতে।

গত ২১ এপ্রিল নবান্ন থেকে বদলি সংক্রান্ত একটি নির্দেশিকা জারি হয়। সেই নির্দেশিকায় রাজ্যের প্রায় সমস্ত জেলা থেকেই আধিকারিকদের বিভিন্ন জায়গায় বদলি করা হয়। দপ্তরের এক উচ্চপদস্থ আধিকারিকের কথায়, 'প্রতি দুই-আড়াই বছর অন্তর এমনটা হয়েই থাকে।' নির্ধারিত সময়ের আগেই রাজগঞ্জ বা মাটিগাড়ার ব্লক ভূমি ও ভূমি সংস্কার আধিকারিকের বদলি কেন?

প্রশাসন সূত্রে জানা গিয়েছে, প্রায় বছর দেড়েক আগে রাজগঞ্জ ব্লকে বিএলআরও পদে দায়িত্ব নেন সুখেন রায়। মাত্র কয়েকমাস আগে মাটিগাড়াতে বিএলআরও পদে যোগ দেন ক্লেমেন্ট ক্রিসথোপ ভুটিয়া। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় একাধিকবার এই দুই এলাকার জমি দুর্নীতি নিয়ে অসন্তোষ প্রকাশ করেছেন।

এই ব্যাপারে সিপিএমের দার্জিলিং জেলা সম্পাদক তথা কেন্দ্রীয় কমিটির সদস্য সমন পাঠক বলেন, 'এই সরকারের আমলে জমি সংক্রান্ত দুর্নীতি তো অবশ্যই হয়েছে। জমি দুর্নীতিতে যতজন গ্রেপ্তার হয়েছে সবই তো তৃণমূলের লোকজন। সব দুর্নীতির মাথায় রয়েছে তৃণমূল শাসিত রাজ্য সরকার। দুর্নীতি আড়াল করার জন্য নীচুতলার আধিকারিকদের বদলি করা হচ্ছে। গোটাটাই আইওয়াশ।'

> এসব বদলি করে আসলে লোকদেখানো কাজ করছে রাজ্য সরকার। সরকারি মদতে বাজার থেকে যা টাকা তোলার এই আধিকারিকদের অনেকেই সেটা তুলে ফেলেছেন।
>
> **জয়ন্ত রায়**
> *সাংসদ, জলপাইগুড়ি*

প্রায় একইভাবে শাসকদলকে একহাত নিয়েছেন জলপাইগুড়ির বিজেপি সাংসদ জয়ন্ত রায়। তিনি বলেন, 'এসব বদলি করে আসলে লোকদেখানো কাজ করছে রাজ্য সরকার। সরকারি মদতে বাজার থেকে যা টাকা তোলার এই আধিকারিকদের অনেকেই সেটা তুলে ফেলেছেন। সমস্ত দুর্নীতিতে জড়িত তৃণমূল নেতারা, নেতাদের নির্দেশে আধিকারিকরা বাধ্য হচ্ছেন এসব দুর্নীতিতে জড়াতে।'

যদিও বিরোধীদের কথায় আমল দিতে নারাজ শিলিগুড়ির মেয়র ও তৃণমূলের উত্তরবঙ্গের মুখপাত্র গৌতম দেব। তাঁর বক্তব্য, 'কে কী বলল তাতে কিছু আসে যায় না। রাজ্যের সাধারণ মানুষের কথা চিন্তা করে মুখ্যমন্ত্রী নিজেই গোটা বিষয়টা দেখছেন।' গৌতম এমনটা দাবি করলেও অনেকের অভিযোগ, বিভিন্ন সময় ঘটে যাওয়া দুর্নীতিতে তৃণমূলেরই হাত রয়েছে। শিলিগুড়ি, জলপাইগুড়ি, কোচবিহার, আলিপুরদুয়ার, মালদা সহ বিভিন্ন শহর ও জেলাতে বহু তৃণমূল নেতার নাম জমি কাণ্ডে জড়িয়েছে বিভিন্ন সময়। ফলে শুধু আধিকারিকদের বদলিতে এই দুর্নীতি রোখা সম্ভব নয় বলেই মন্তব্য করেছে বিরোধীরা।

## মৃতদের প্রতি শ্রদ্ধাজ্ঞাপন

**জলপাইগুড়ি ব্যুরো**

**২৩ এপ্রিল :** কাশ্মীরের পহলগামে জঙ্গিহানায় মৃত পর্যটকদের প্রতি বুধবার জলপাইগুড়ি শহরজুড়ে শ্রদ্ধাজ্ঞাপন করা হয়। জলপাইগুড়ি জেলা কংগ্রেসের দলীয় কার্যালয় রাজীব ভবনের সামনে মোমবাতি জ্বালিয়ে নীরবতা পালন করা হয়। নিহতদের পরিবারের প্রতি সমবেদনা জানিয়ে জেলা বিজেপি কার্যালয়ের সামনে শ্রদ্ধাজ্ঞাপন করেন কর্মী-সমর্থকরা। হত্যালীলার প্রতিবাদ, গোয়েন্দা বিভাগ ও সরকারের ব্যর্থতাকে ধিক্কার জানিয়ে মিছিল করে সিপিএমের সদর পূর্ব এরিয়া কমিটি। জলপাইগুড়ি ডিস্ট্রিক্ট মার্চেন্ট রোড অ্যাসোসিয়েশন, পশ্চিমবঙ্গ প্রাদেশিক মাড়োয়ারি সম্মেলন ও মাড়োয়ারি যুব মঞ্চ একত্র হয়ে শহরের পিসি শর্মা মোড়ে শহিদ বেদিতে মোমবাতি জ্বালিয়ে পুষ্পার্ঘ্য অর্পণ করে। মার্চেন্ট রোড ব্যবসায়ী কল্যাণ সমিতির তরফে বুধবার রাত ৮টায় মার্চেন্ট রোডের প্রতিটি ব্যবসায়িক প্রতিষ্ঠান ৫ মিনিটের জন্য লাইট বন্ধ রেখে এই ঘটনার প্রতিবাদ জানায়।

এছাড়াও কালো ব্যাজ পরে মোমবাতি হাতে মৌনমিছিল করেন তাঁরা। নাগরিক সংসদের তরফে থানা মোড়ে মৃতদের প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করা হয়। নাগরাকাটাতেও বুধবার কাশ্মীরে নিহতদের স্মরণে মোমবাতি মিছিল করেন এলাকার বাসিন্দারা। জাতীয় পতাকা নিয়ে সন্ত্রাসবাদীদের বিরুদ্ধে তীব্র ধিক্কার জানান তাঁরা। বুধবার ময়নাগুড়ি শহরে বিজেপির কার্যালয় থেকে মৌন মিছিল বেরিয়ে শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। পরে শহরের কেন্দ্রস্থল ট্রাফিক মোড়ে মোমবাতি জ্বালিয়ে শোকজ্ঞাপন করা হয়। বিজেপির ময়নাগুড়ি টাউন মণ্ডল সভাপতি সঞ্জীব বর্ধন বলেন, 'এই ঘটনার তীব্র নিন্দা জানাই।'


# সীমানা প্রাচীর নেই, মাঠে চরে গোরু-ছাগল

**সুভাষচন্দ্র বসু**

**বেলাকোবা, ২৩ এপ্রিল :** নানা সমস্যায় জর্জরিত রাজগঞ্জ ব্লকের পানিকৌরির ফকিরটিপ এসপি প্রাথমিক বিদ্যালয়। কবে এই সমস্যাগুলির সমাধান হবে তা নিয়ে রয়েছে অনিশ্চয়তা। ১৯৬২ সালে স্থাপিত এই স্কুলটি বেলাকোবা-ফাটাপুকুর রাজ্য সড়ক সংলগ্ন এলাকায় অবস্থিত। প্রাকপ্রাথমিক থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত ছাত্রছাত্রীর সংখ্যা ১০৪ জন। শিক্ষক-শিক্ষিকার সংখ্যা ৬ জন।

স্কুলটি রাজ্য সড়ক সংলগ্ন। এদিকে সীমানা প্রাচীর না থাকায় নিরাপত্তাজনিত কারণে অভিভাবকদের অনেকেই সন্তানকে এই স্কুলে ভর্তি করছেন না, জানালেন প্রধান শিক্ষক কুমারেশ রায়। স্কুল চত্বরে মদের বোতল পড়ে আছে।

ফকিরটিপ, কালোয়ার বাড়ি ইত্যাদি এলাকার ছাত্রছাত্রীরা এই স্কুলে পড়াশোনা করছে। নিকটবর্তী প্রাথমিক স্কুল প্রায় তিন কিলোমিটার দূরে শিকারপুরে। সীমানা প্রাচীর না থাকায় স্কুল চত্বরে অবাধে বিচরণ করছে গোরু-ছাগল। অভিভাবক বেবি রায় বললেন, 'রাজ্য সড়ক সংলগ্ন স্কুলে সীমানা প্রাচীর না থাকায় ছেলেমেয়েরা স্কুল থেকে ঘরে না ফেরা পর্যন্ত খুব দুশ্চিন্তায় থাকি।' সমস্যা আরও রয়েছে। যেমন, ক্লাসরুমে পর্যাপ্ত বেঞ্চ না থাকায় প্রাকপ্রাথমিক এবং প্রথম শ্রেণির পড়ুয়াদের মেঝেয় বসে ক্লাস করতে হয়। শিক্ষিকা রুমকি দত্ত পাল বললেন, 'সব ক্লাসে পড়ুয়াদের বসার ব্যবস্থা থাকা দরকার।'



*ফকিরটিপ এসপি প্রাথমিক বিদ্যালয়।*

গভীর নলকূপ থাকলেও সবসময় তাতে জল মেলে না। এছাড়া জল আয়রনযুক্ত। ওই জলই পড়ুয়াদের বাধ্য হয়ে পান করতে হচ্ছে। আয়রনযুক্ত জল দিয়ে মিড-ডে মিল তৈরির কাজও চলছে। সেই মিড-ডে মিল খাওয়ার আলাদা ঘরও নেই। স্কুলের আরেক শিক্ষিকা নিবেদিতা দাস বললেন, 'মিড-ডে মিল খাওয়ানোর জন্য পৃথক জায়গা দরকার। এছাড়া জলের ব্যবস্থা না থাকায় স্কুলের শৌচাগারের পরিবেশ অস্বাস্থ্যকর।' এ ব্যাপারে ডিআই (প্রাথমিক বিদ্যালয়) শ্যামল রায় বলেন, 'স্কুল ইনস্পেকটরের কাছে স্কুল কর্তৃপক্ষকে আবেদন করতে হবে। আমরা ওই আবেদন হাতে পেলে সমস্যা সমাধানে উদ্যোগ নেব।'

# গুলি চলছে শুনেই অসুস্থ বোধ

**আলিপুরদুয়ার, ২৩ এপ্রিল :** 'বাহার মত যাইয়ে। গোলিয়া চল রহে হে।' চিৎকার করে হোটেলকর্মীর বলা সেই কথাগুলো এখনও কানে বাজছে সাগর চক্রবর্তী ও তাঁর পরিবারের লোকজনের। আলিপুরদুয়ার শহরের ৪ নম্বর ওয়ার্ডের মধ্যপাড়ার বাসিন্দা সাগর, বাবা সজল চক্রবর্তী, মা শুক্লা চক্রবর্তী ও স্ত্রী প্রিয়াংকা চক্রবর্তীকে নিয়ে শ্রীনগরে গিয়েছেন ঘুরতে। মঙ্গলবার দুপুরে যেখানে সেই জঙ্গি হামলার ঘটনা ঘটেছে, তার থেকে ৩ কিলোমিটার দূরের হোটেলে ছিলেন তাঁরা। বেলা হয়ে গিয়েছিল বলে সেদিন আর বৈসরণ যাননি। ভেবেছিলেন, বুধবার যাবেন 'মিনি সুইজারল্যান্ড' ঘুরতে। তাহলে কী যে হত, ভাবতে গিয়েই শিউরে উঠছেন সাগররা।

চারজন মিলে গত ১৫ এপ্রিল ট্রেনে রওনা দিয়েছিলেন শ্রীনগরের উদ্দেশে। পহলগামে তিনদিন থাকার পরিকল্পনা করে ২২ এপ্রিল সকালে শ্রীনগর থেকে রওনা দেন। মঙ্গলবার দুপুরে আড়াইটে নাগাদ তারা পহলগামে পৌঁছান। হোটেলে ঢুকে ফ্রেশ হয়ে বাইরে বেরোনোর পরিকল্পনা ছিল।

যেই না বের হতে যাবেন, পাগলের মতো চিৎকার করে ওঠেন হোটেলের কর্মীরা। বুধবার ফোনে যোগাযোগ করা হলে সাগর বললেন, 'আমরা আগে কিছু বুঝিনি। তাঁদের কাছ থেকেই জানতে পারি বাইরের পরিস্থিতির কথা। তারপর সারারাত হোটেলের ঘরে বন্দি ছিলাম। বারবার হোটেলের কর্মীদের কাছে খোঁজ নিচ্ছিলাম, বাইরে কী চলছে।'



*কাশ্মীরে সাগর চক্রবর্তী।*

সেই মুহূর্তে হাত-পা কাঁপছিল তাঁদের। সাগরের বয়স্ক বাবা খবর শোনার পর থেকেই অসুস্থ বোধ করতে থাকেন। সন্ধে থেকেই হোটেলের সামনে সেনাবাহিনীর জওয়ানরা পাহারায় ছিলেন। আর হোটেলের লোকও খুব সহযোগিতা করেছেন, বলছিলেন সাগররা।

সাগরের স্ত্রী প্রিয়াংকা বলেন, 'রাতে বাইরে গিয়ে খাবার খাওয়ার উপায় ছিল না। সাহসও ছিল না। এবারই প্রথম কাশ্মীর ঘুরতে আসা। কিন্তু প্রথমবার এসেই যা অভিজ্ঞতা হল, তা জীবনে ভোলার নয়।'

এদিন সকালে সেনাবাহিনীর তরফে তাঁদের বাসে করে শ্রীনগর পাঠানো হয়। পহলগাম থেকে দূরে গিয়ে তাঁরা খানিকটা হলেও স্বস্তি পেয়েছেন। বুধবার রাতটা তাঁরা শ্রীনগরের একটি হোটেলেই কাটিয়েছেন।

বুধবার দুপুরেই তো তাঁদের বৈসরণে ঘুরতে যাওয়ার কথা ছিল। সাগর বলেন, 'এই ঘটনার পর আমরা এতটাই আতঙ্কিত হয়ে পড়েছি যে আর কিছু ভাবতেই পারছি না। কেবল ভাবছি, কতক্ষণে নিজের বাড়িতে যেতে পারব।' বুধবার তাঁরা বিমান বা ট্রেনের টিকিট কাটতে পারেননি। চেষ্টা করছেন, বৃহস্পতিবার যেভাবেই হোক কাশ্মীর ছাড়বেন। তবে তাতে বাধা হয়ে দাঁড়িয়েছে টিকিটের সাংঘাতিক দাম। যা-ই হোক, মৃত্যু উপত্যকায় আর থাকতে চাইছেন না সাগররা।

# উদাসীন পুরসভা

## এখনও বেলাগাম টোটো

**সৌরভ দেব**

**জলপাইগুড়ি, ২৩ এপ্রিল :** কখনও দুর্গাপুজো, কখনও মাধ্যমিক, আবার কখনও বাংলা নববর্ষের অজুহাত দিয়ে পুরসভা তরফে টোটোর বিরুদ্ধে অভিযান পিছিয়ে যাচ্ছে বলে অভিযোগ। জলপাইগুড়ি পুরসভা আগেই ঘোষণা করেছিল যে, নববর্ষের পরই টেম্পোরারি আইনডেন্টিফিকেশন নম্বর (টিআইএন) বিহীন টোটোর বিরুদ্ধে পদক্ষেপ করা হবে। তবে কোথায় কী? নববর্ষের পর এক সপ্তাহ পেরিয়ে গেলেও টিআইএন বিহীন টোটোর বিরুদ্ধে পদক্ষেপ করতে কার্যত উদাসীন পুর কর্তৃপক্ষ। এতে ক্ষুব্ধ সাধারণ মানুষ। এদিকে অনেকেই মনে করছেন, টোটোর বিরুদ্ধে পদক্ষেপ করার ক্ষেত্রে তৃণমূল দলের অন্দরেই মতানৈক্য তৈরি হয়েছে। কারণ ইতিমধ্যে টোটো নিয়ে পুরসভার সিদ্ধান্তকে ঘুরিয়ে বিরোধিতা করেছে তৃণমূলের শ্রমিক সংগঠন আইএনটিটিইউসি। এরই প্রভাব অভিযানে পড়ছে বলে ধারণা তৈরি হয়েছে।

যদিও জলপাইগুড়ি পুরসভার চেয়ারপার্সন পাপিয়া পাল বলেন, 'ইতিমধ্যে টোটোর বিরুদ্ধে পদক্ষেপ করতে প্রস্তুতি শুরু করেছি। এই বিষয়ে পুলিশ এবং জেলা প্রশাসনের সঙ্গে কথা বলেই আগামী সপ্তাহে আমরা টিআইএন বিহীন টোটোর বিরুদ্ধে অভিযানে নামব।'

গত মাসের তৃতীয় সপ্তাহে পুলিশের সঙ্গে বৈঠক করে পুরসভা সিদ্ধান্ত নিয়ে জানিয়েছিল, ২ এপ্রিলের পর থেকে টিআইএন ছাড়া কোনও টোটো শহরে চলতে পারবে না। তবে নির্ধারিত তারিখে টোটোর বিরুদ্ধে পদক্ষেপ করতে পুরসভা ব্যর্থ হয়। সেসময় অজুহাত দেওয়া হয়েছিল সামনে বাংলা নতুন বছর রয়েছে। মানুষের সুবিধের কথা ভেবেই নাকি নববর্ষের পর নিয়ম কার্যকর হবে। কিন্তু দেখা গেল বাংলা নববর্ষের পরে এক সপ্তাহ পেরিয়ে গেলেও টোটো নিয়ে কোনও পদক্ষেপ করেনি পুর কর্তৃপক্ষ। যদিও এর কারণ স্পষ্ট করে পুরসভাও জানায়নি। শহরের বাসিন্দা তপব্রত দে সরকার বলেন, 'এর আগে কয়েক দিন দেখলাম শহরের কিছু জায়গায় গ্রাম থেকে আসা টোটোগুলোকে পুরসভার তরফে আটকানো হচ্ছে। কিন্তু কয়েকদিনের মধ্যেই আবারও একই অবস্থা। টোটো নিয়ন্ত্রণের ক্ষেত্রে পুরসভা যথেষ্টই উদাসীন।'

অন্যদিকে, টোটো নিয়ে পুরসভায় বৈঠকের পরেই আইএনটিটিইউসি ঘুরিয়ে ওই সিদ্ধান্তের বিরোধিতা করে একগুচ্ছ পালটা প্রস্তাব দেয়। এতে কিছুটা হলেও অস্বস্তিতে পুরসভা। আইএনটিটিইউসি টাউন ব্লক সভাপতি পুণ্যব্রত মিত্র সেই প্রস্তাবে পুরসভাকে জানায়, 'টিআইএন নিয়ে গ্রাম শহরের বিভাজন করলে সমস্যা আরও বেড়ে যাওয়ার আশঙ্কা রয়েছে। ফলে শহরের যানজট রুখতে কিছু রাস্তা টোটো চলাচলের জন্য একমুখীকরণ করে দেওয়া দরকার।'

তবে আইএনটিটিইউসির নেতাদের ওই প্রস্তাব যে ভোটের রাজনীতি সেটা ক্রমশ স্পষ্ট হয়েছে। গ্রামের টোটো শহরে ঢোকা বন্ধ হলে প্রভাব পড়বে সরাসরি ভোট বাক্সে। বিধানসভা ভোটের আগে তৃণমূলের একটা অংশ ওই ব্যাংকে প্রভাব ফেলতে চাইছে না। শাসকদলের অন্দরে ঠান্ডা লড়াইয়ে বারবার ভেস্তে যাচ্ছে পুরসভার অভিযান বলে মনে করছে রাজনৈতিক মহল।

### ক্ষুব্ধ শহরের বাসিন্দারা

- নববর্ষের পর এক সপ্তাহ পেরিয়ে গেলেও টিআইএন বিহীন টোটোর বিরুদ্ধে পদক্ষেপ নেই
- পুরসভার সিদ্ধান্তকে ঘুরিয়ে বিরোধিতা করেছে তৃণমূলের শ্রমিক সংগঠন আইএনটিটিইউসি
- এতে কিছুটা হলেও অস্বস্তিতে পুরসভা
- এরই প্রভাব অভিযানে পড়ছে বলে ধারণা

ইতিমধ্যে টোটোর বিরুদ্ধে পদক্ষেপ করতে প্রস্তুতি শুরু করেছি। এই বিষয়ে পুলিশ এবং জেলা প্রশাসনের সঙ্গে কথা বলেই আগামী সপ্তাহে আমরা টিআইএন বিহীন টোটোর বিরুদ্ধে অভিযানে নামব।

**পাপিয়া পাল,** চেয়ারপার্সন জলপাইগুড়ি পুরসভা



*জলপাইগুড়ি শহরের রাস্তায় দাপিয়ে বেড়াচ্ছে নম্বরবিহীন টোটো।*

# বকেয়া না মেলায় বিক্ষোভ ঠিকাদারদের

**জলপাইগুড়ি, ২৩ এপ্রিল :** এক বিধানসভা নির্বাচন গিয়ে আরেক বিধানসভা আসতে চলেছে। এখনও জলপাইগুড়ি পূর্ত দপ্তরের অধীনে থাকা ঠিকাদারদের গত ভোটের কাজের জন্য বকেয়া মেটানো হয়নি। এই দাবিকে সামনে রেখে বুধবার পূর্ত দপ্তরের সামনে অবস্থান বিক্ষোভে শামিল হন ঠিকাদাররা। তাঁদের অভিযোগ, দক্ষিণবঙ্গের ঠিকাদাররা টাকা পেলেও উত্তরবঙ্গের ঠিকাদাররা এখনও বঞ্চিত। যতদিন তাঁরা বকেয়া টাকা না পাচ্ছেন ততদিন পর্যন্ত এই আন্দোলন চলবে। ঠিকাদারদের পক্ষে পিন্টু ঘোষ বলেন, 'গত বিধানসভা নির্বাচনে আধাসামরিক বাহিনীর জন্য



*পূর্ত দপ্তরের সামনে ঠিকাদাররা।*

শৌচালয় ও স্নানঘর তৈরির দায়িত্ব দেওয়া হয়েছিল আমাদের। কেউ ঋণ নিয়ে, কেউ নিজের সঞ্চয়ের টাকা খরচ করে সেই কাজ সম্পূর্ণ করেছিল।'

এখনও অবধি তাঁদের বকেয়ার কেবল ১৭ শতাংশ দেওয়া হয়েছে। জেলায় ৬০ জন ঠিকাদারের প্রায় সাড়ে সাত কোটি টাকা বকেয়া ছিল। তার মধ্যে মাত্র ১ কোটি টাকা দেওয়া হয়েছে। পিন্টু আরও বলেন, 'যদি পুরো টাকা না পাই তবে আগামী বিধানসভা নির্বাচনে আমরা কাজ করতে পারব না।'

জলপাইগুড়ি পূর্ত দপ্তরের কনস্ট্রাকশন ডিভিশনের এগজিকিউটিভ ইঞ্জিনিয়ার পার্থ হালদারের সঙ্গে ফোনে যোগাযোগ করা হলে তিনি এবিষয়ে কোনও মন্তব্য করেননি।



ঝুঁকির পারাপার।। *মাল শহরে ১৭ নম্বর জাতীয় সড়কে দলবেঁধে পড়ুয়ারা। বুধবার।*

# ঝুঁকি নিয়ে রাস্তা পার

**সুশান্ত ঘোষ**

**মালবাজার, ২৩ এপ্রিল :** ওরা প্রত্যেকেই চা বাগানের স্কুলে প্রাথমিক শিক্ষা শেষ করেছে। এরপর মালবাজার শহরের বিভিন্ন সরকারি স্কুলে নিজেদের নাম লিখিয়েছে। মা-বাবা বাগানে শ্রমিকের কাজে ব্যস্ত। তাই বাগানের বাসেই যাতায়াত করতে হয় ওদের। তবে দিন-দিন প্রাণের ঝুঁকি যেন বাড়ছে। বাস থেকে নেমে দলবেঁধে জাতীয় সড়ক পার করতে গিয়ে কখন যে গাড়ির সামনে পড়ে, সেই ভয় যেন কুঁড়ে কুঁড়ে খায় অভিভাবকদের। কিন্তু স্কুলে না পাঠিয়ে তো উপায় নেই। কারণ, পড়াশোনা চলিয়ে যেতে হবে। তাই এভাবেই চলছে। তবে আগে ওই সমস্যা ছিল না। রাজা চা বাগানের জমিতে স্কুলের বাসগুলোকে রাখা হত। এরপর অলিগলি দিয়ে বাগানের পড়ুয়ারা পৌঁছে যেত স্কুলে। তবে বাগান কর্তৃপক্ষ বাস রাখতে মানা করাতেই সমস্যা শুরু হয়।

মাল শহর থেকে বাগানগুলোর দূরত্ব সর্বোচ্চ ২০ কিলোমিটার। প্রতিটি বাগান থেকেই বাসে পড়ুয়াদের শহরে পাঠানো হয়। বর্তমানে বাসগুলো মালবাজার পর্যটন আবাসের সামনে এসে থামে। শহরের বিএল হিন্দি হাইস্কুল ও পুষ্পিকা গার্লস হাইস্কুলের দূরত্ব দেড় কিলোমিটার। মাঝে পার হতে হচ্ছে ১৭ নম্বর জাতীয় সড়ক। কয়েকশো বাচ্চা প্রতিদিন জাতীয় সড়ক পার করে স্কুলে যাতায়াতে দুর্ঘটনার আশঙ্কা তৈরি হয়েছে।

পড়ুয়ারদের মধ্যে রঙ্গিত বলে,

### পড়ুয়াদের নিয়ে শঙ্কা

'আমাদের বাবা-মায়েরা চা বাগানে কাজ করে। তাই স্কুলে ছেড়ে দিয়ে যেতে পারে না। ফলে আমাদের স্কুলবাসের উপর নির্ভর করতে হয়। জাতীয় সড়ক পার করতে মাঝেমধ্যে ভয় হয়।' বিষয়টি নিয়ে এক স্কুল কর্তৃপক্ষ বাগানের সঙ্গে আলোচনা করলেও লাভ হয়নি বলে অভিযোগ। পুষ্পিকা গার্লস হাইস্কুলের সিস্টার সুধা বলেন, 'বিষয়টি আমরাও বাগান কর্তৃপক্ষকে জানিয়েছিলাম। কিন্তু তারা রাজি হচ্ছে না। বিষয়টি নিয়ে সহানুভূতির সঙ্গে দেখবার জন্য আবার অনুরোধ করব।' রাজা চা বাগানের ম্যানেজার নবীনচন্দ্র যোশিকে এ ব্যাপারে জিজ্ঞাসা করা হলে তিনি বলেন, 'আমাদের হেড অফিস থেকে নির্দেশ আছে বাগানের জমির উপর কোনও যানবাহন রাখা যাবে না। তাই রাখার অনুমতি আমি দিতে পারব না।' গাড়ি রাখার সমস্যা সুরাহার জন্য এসডিও অফিসে লিখিত জানিয়েছিলেন আদিবাসী বিকাশ পরিষদের সেক্রেটারি তথা এলাকার নেতা বাবলু মাঝি। তাঁর কথায়, 'পর্যটন আবাসের সামনের স্থানটা নির্বাচিত হয়। কিন্তু এখন রাস্তা পারাপারের সমস্যাটা গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে। তাই আবারও বিকল্প পথ খোঁজার চেষ্টার জন্য বাগান কর্তৃপক্ষ এবং প্রশাসনের কাছে দাবি জানাব।'

এদিকে, ট্রাফিক ওসি দেবজিৎ বসু বলেন, 'স্কুল শুরুর সময় থেকে স্কুলের ছুটি পর্যন্ত আমরা খুবই ধৈর্য সহকারে বাচ্চাগুলোকে রাস্তা পারাপারের সহযোগিতা করি। যাতে জাতীয় সড়কে দুর্ঘটনার কবলে না পড়তে হয়। এই সময়টা আমরা সতর্ক বেশি থাকি।'

# শোরুম উদ্বোধন

**জলপাইগুড়ি ব্যুরো**

**২৩ এপ্রিল :** নিউ পি সি জুয়েলার্সের জলপাইগুড়িতে পথ চলা শুরু হল। বুধবার জলপাইগুড়ি শহরের ডিবিসি রোডে নিউ পি সি জুয়েলার্সের নতুন শোরুমের উদ্বোধন হয়। এদিন শোরুমের উদ্বোধন করেন সংস্থার কর্ণধার শ্যামল পাল। তিনি জানান, তাঁদের এই নতুন শোরুমে মিলবে হলমার্কযুক্ত আধুনিক ডিজাইনের সোনার গয়না। এছাড়াও তিনদিনের জন্য থাকছে সোনার গয়নার মজুরির ওপর ৫০ শতাংশ ছাড়। সংস্থার বিশেষত্ব রয়েছে হালকা আধুনিক ডিজাইনের সোনার গয়না।

# কলেজে নাটক

**মালবাজার, ২৩ এপ্রিল :** বিশ্ব ইংরেজি দিবস উপলক্ষ্যে বুধবার সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করেছিল মালবাজারের পরিমল মিত্র স্মৃতি কলেজের ইংরেজি বিভাগ। ওই অনুষ্ঠানে মঞ্চস্থ হয় শেক্সপিয়রের বিখ্যাত 'টুয়েলভথ নাইট' নাটক। নাটকটিতে ছাত্রছাত্রীদের পাশাপাশি অভিনয় করেন কলেজের অধ্যক্ষ কার্তিকচন্দ্র দে, ইংরেজি বিভাগের প্রধান অর্পিতা দাশগুপ্ত ও প্রাক্তনীরা।